

শিশুদের শিষ্টাচার শিক্ষা দিতে, তাদের
অন্দু-বিনয়ী হিসাবে গড়ে তুলতে

অসম মিত্রিচ

(১-১০)

রেদওয়ান সামী

মুদ্রণ

প. ক. শ. ন.

একটি আয়ত

আল্লাহ তাআলা বলেন,
আর তিনি তোমাদের জন্য রাতকে বানিয়েছেন
পোশাক, ঘুমকে শান্তিময় এবং দিনকে পুনরায়
উঠে দাঁড়ানোর মাধ্যম ।।



একটি হাদিস




আবু উমামা রাদিয়াল্লাহু আনহ
বলেন, আমি নবিজি সাল্লাল্লাহু
আলাইহি ওয়া সাল্লামকে বলতে
শনেছি। তিনি বলেছেন, যে ব্যক্তি
পরিত্র হয়ে (রাতে) তার বিছানায়
আসে এবং জিকির করা অবস্থায় তার
(ঘুমের) ঝিমুনি এসে যায়, এমন
রাতে সে আল্লাহ তাআলার কাছে
দুনিয়া ও আখেরাতের কল্যাণকর
যা-কিছুই চাইবে আল্লাহ তাআলা
তাকে তা-ই দেবেন।



পাদ্মির আগে উঠব জেনে

ইশকুল থেকে আজ ওমরকে অনেক পড়া দিয়েছে।
তাই সে রাত জেগে পড়ছে। মা ডেকে বললেন,
ওমর, অনেক রাত হয়েছে, এখন ঘুমিয়ে যাও।
সকালে আগেভাগে উঠে বাকি পড়া শিখে নিয়ো।
ওমর বলল,
হ্যাঁ, মা। এখনই ঘুমিয়ে পড়ছি। কিছু হোমওয়ার্ক
বাকি আছে। এগুলো শেষ করেই ঘুমিয়ে পড়ব।



মা বললেন,
ওমর, রাত জাগা ভালো না। রাত
জাগলে শরীর খারাপ করে। এখন
ঘুমাও। সকালে উঠে বাকি পড়া
পড়বে।



একটি আয়ত

আল্লাহ তাআলা বলেন, তোমরা খাও এবং
পান করো। তবে অপচয় করো না। তিনি
অপচয়কারীকে পছন্দ করেন না।



খাওয়ার আগে দুয়াত দুই

একটি হাদিস

ওমর ইবনে আবু সালামা রাদিয়াল্লাহু আনহ
বলেন, নবিজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া
সাল্লাম আমাকে বলেছেন, ‘বিসমিল্লাহ বলো
এবং ডান হাত দিয়ে তোমার সামনে থেকে
খাও’।



খাওয়ার আগে দুয়াত দুই

ওমর ও আয়শাকে মা বাজারে পাঠিয়েছেন। তেল আর
লবণ কিনে আনতে। তারা দুজনে তাদের সাইকেল
নিয়ে ক্রিং ক্রিং বেল বাজিয়ে যাচ্ছে বাজারে।

আয়শা বলল,

ওমর, মা যা যা কিনতে বলেছেন, তা কিনে
তাড়াতাড়ি বাড়ি ফিরে আসব। আমরা
ফিরলে মা রান্না শুরু করবেন।

ওমর বলল,

আপু, আমি কয়েকটি স্যান্ডউইচ
কিনতে চাই। আমার খুব খিদে
পেয়েছে।



একটি হাদিস

আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহ বলেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, যে ব্যক্তি সকাল অথবা সন্ধ্যায় মসজিদে যায়, আল্লাহ তার জন্য জান্নাতে আপ্যায়নসামগ্রী প্রত্তত করেন। সে যতবার সকাল অথবা সন্ধ্যায় মসজিদে যায়, আল্লাহও তার জন্য ততবার আতিথেয়তার সামগ্রী প্রত্তত করেন।

একটি আয়ত

আল্লাহ তাআলা বলেন,
নিশ্চয় নামাজ নির্ধারিত সময়ে মুসলিমদের এক
অবশ্য পালনীয় কাজ।



মসজিদে হাঁই নামাজ পড়ি



মসজিদে হাঁই নামাজ পড়ি

একটি আয়ত

আল্লাহ তাআলা বলেন,
রহমানের বান্দা তারা; যারা পৃথিবীতে ন্যস্তভাবে
চলাফেরা করে। মূর্খ লোকেরা যখন তাদের কিছু
বলে, তখন তারা শান্তভাবে উত্তর দেয়।

একটি হাদিস

সাহাবি আবু সাইদ খুদরি রাদিয়াল্লাহু আনহ একটি হাদিস
বর্ণনা করেছেন। এই হাদিসে আমাদের প্রিয়নবি সাল্লাল্লাহু
আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,
তোমরা রাত্তায় বসো না। তখন সাহাবিরা বলল, আমাদের
তো রাত্তায় বসতেই হয়। রাত্তা আমাদের বসার জায়গা।
নবিজি বললেন, যদি তোমাদের বসতেই হয়, একেবারেই
অপারগ হয়ে যাও বসার জন্য, তাহলে পথের আদবের
দিকেও ধেয়াল রাখবে। সাহাবিরা বলল, পথের আদব
কী? নবিজি বললেন, দৃষ্টি নিচের দিকে রাখা, কঠিনায়ক
জিনিস দূর করা, সালামের উত্তর দেওয়া, সৎ কাজের
আদেশ দেওয়া ও অসৎ কাজ থেকে নিষেধ করা।



ওমরকে খুঁজে পাওয়া যাচ্ছে না। ঘরের কোথাও সে নেই।
 তার কলমেও নেই। আয়শাও দেখেনি কোথায় গিয়েছে ওমর।
 বাবা ওমরকে খুঁজতে খুঁজতে ঘরের বাইরে এলেন। ডাকতে
 লাগলেন।
 ওমর, তুমি কোথায়? সবাই তোমার জন্য চিন্তা করছে।

ওমরদের বাড়ির এক বাড়ি পরেই রাঙ্গা। এই
 রাঙ্গায়ই সে খেলা করছিল। বাবার ডাক শব্দে সে
 সাড়া দিলো।
 বাবা, আমি এখানে। বন্দুদের সাথে খেলাখুলা
 করছি।

